# বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ।
website: www.bb.org.bd

সাসটেইনেবল ফাইন্যান্স ডিপার্টমেন্ট

এসএফডি সার্কুলার নং-০৪

তারিখ: ১১ আষাঢ় ১৪৩৩
২৫ জুন ২০২৬

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক ও ফাইন্যান্স কোম্পানি

প্রিয় মহোদয়,

## তথ্য ও যোগাযোগ প্রযুক্তি খাতের উন্নয়নকল্পে পুনঃ অর্থায়ন স্কিম।

টেকসই উন্নয়ন অভীষ্ট (SDGs) অর্জন, আধুনিক প্রযুক্তি নির্ভর বাংলাদেশ বিনির্মাণ এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক ঘোষিত রপ্তানি নীতি ২০২৪-২৭, Climate Prosperity Plan 2022-2041 বাস্তবায়ন এবং অষ্টম পঞ্চবার্ষিক পরিকল্পনার অংশ হিসেবে উচ্চ প্রবৃদ্ধি অর্জনের নিমিত্ত ICT নির্ভর বাংলাদেশ গঠন, একুশ শতকের জন্য উপযোগী মানব সম্পদ উন্নয়ন এবং চতুর্থ শিল্প বিপ্লব হতে উদ্ভূত প্রতিযোগিতামূলক সুবিধা অর্জন ও চ্যালেঞ্জ মোকাবেলায় তথ্য ও যোগাযোগ প্রযুক্তি খাতের উন্নয়ন অপরিহার্য। তৎপ্রেক্ষিতে, রপ্তানিমুখী পণ্যে বৈচিত্র্য (Export Diversification) আনয়ন, ICT খাতে দক্ষতা অর্জন ও প্রতিযোগিতামূলক সক্ষমতা বৃদ্ধির পাশাপাশি এ খাতে বিনিয়োগ পরিবেশ উন্নয়ন, তথ্য ও যোগাযোগ প্রযুক্তির সর্বব্যাপী প্রয়োগে কারিগরি সহায়তা নিশ্চিতকরণ, কর্মসংস্থান সৃষ্টি এবং বাজার কাঠামো উন্নয়নের স্বার্থে এ খাতে সুষ্ঠু ঋণ প্রবাহের প্রসারণ জরুরি।

এতদুদ্দেশ্যে, বাংলাদেশ ব্যাংক কর্তৃক তথ্য ও যোগাযোগ প্রযুক্তি খাতে শিল্প কারখানা স্থাপন, এতদসংশ্লিষ্ট সেবা ও পণ্য উদ্ভাবন, উৎপাদন, উন্নয়ন, সংযোজন ও প্রক্রিয়াকরণ এবং রপ্তানি বাণিজ্য সম্প্রসারণের নিমিত্ত 'তথ্য ও যোগাযোগ প্রযুক্তি খাতের উন্নয়নকল্পে পুনঃ অর্থায়ন স্কিম' শীর্ষক ১,০০০ (এক হাজার) কোটি টাকার পুনঃ অর্থায়ন তহবিল গঠন করা হয়েছে। আলোচ্য পুনঃ অর্থায়ন তহবিল সংক্রান্ত নীতিমালা নিম্নরূপ:

১. **শিরোনাম:** 'তথ্য ও যোগাযোগ প্রযুক্তি খাতের উন্নয়নকল্পে পুনঃ অর্থায়ন স্কিম' (Refinance Scheme for the Development of ICT Sector)

২. **তহবিল গঠনের উদ্দেশ্য:** তথ্য ও যোগাযোগ প্রযুক্তি খাতে টেকসই ও আধুনিক প্রযুক্তি ব্যবহারের মাধ্যমে দক্ষতা অর্জন ও প্রতিযোগিতামূলক সক্ষমতা বৃদ্ধিকরণ।

৩. **সুবিধাভোগী:** সর্বোচ্চ অগ্রাধিকারপ্রাপ্ত ICT খাতসহ সরকারের অন্যান্য উন্নয়ন পরিকল্পনার আওতাধীন তথ্য ও যোগাযোগ প্রযুক্তি সংশ্লিষ্ট সম্ভাবনাময় খাত/উপখাতসমূহ। এতদ্ব্যতীত, বাংলাদেশ হাই-টেক পার্ক/সফটওয়্যার টেকনোলজি পার্ক-এ উৎপাদিত পণ্য ও সেবাসমূহ এবং ICT খাতে নারী উদ্যোক্তাগণ অগ্রাধিকার ভিত্তিতে এ তহবিলের আওতায় পুনঃ অর্থায়ন সুবিধা পাবে।

৪. **পুনঃ অর্থায়নযোগ্য প্রযুক্তি/প্রকল্প/উদ্যোগ/কার্যক্রম:**

| | |
|---|---|
| ৪.১) Internet of Things (IOT); | ৪.১১) Fintech and Embedded Finance; |
| ৪.২) Software Development; | ৪.১২) Data Analytics; |
| ৪.৩) Hardware and Networking; | ৪.১৩) E-commerce; |
| ৪.৪) Business Process Outsourcing (BPO); | ৪.১৪) Block chain; |
| ৪.৫) IT Enabled Product and Services ; | ৪.১৫) Drone Technology; |
| ৪.৬) Artificial Intelligence (AI); | ৪.১৬) Semiconductor Designing, Production and R&D |
| ৪.৭) Robotics; | ৪.১৭) EdTech |
| ৪.৮) 3D/4D Printer and Fabrication Lab; | ৪.১৮) HealthTech |
| ৪.৯) Cloud Computing; | ৪.১৯) Augmented Reality (AR) and Virtual Reality (VR); |
| ৪.১০) Cyber Security; | ৪.২০) Quantum Computing; |

৫. **অংশগ্রহণকারী আর্থিক প্রতিষ্ঠান (Participatory Financial Institution-PFI):** এ তহবিলের আওতায় পুনঃ অর্থায়ন সুবিধা প্রাপ্তির জন্য আগ্রহী তালিকাভুক্ত সকল ব্যাংক এবং ফাইন্যান্স কোম্পানিকে বাংলাদেশ ব্যাংকের (পরিচালক, সাসটেইনেবল ফাইন্যান্স ডিপার্টমেন্ট, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা) সাথে একটি অংশগ্রহণকারী চুক্তি (Participation Agreement) সম্পাদন করতে হবে। উক্ত অংশগ্রহণ চুক্তিতে আবদ্ধ ব্যাংক এবং ফাইন্যান্স কোম্পানিসমূহ Participatory Financial Institution (PFI) হিসেবে গণ্য হবে। এতদ্‌ব্যতীত, বাংলাদেশ ব্যাংক কর্তৃক সময়ে সময়ে সার্কুলার/সার্কুলার লেটারের মাধ্যমে জারিকৃত নির্দেশনাসমূহ সকল PFI-কে পরিপালন করতে হবে।

৬. **তহবিলের আকার:** ১,০০০ (এক হাজার) কোটি টাকা (আবর্তনশীল)।

৭. **তহবিলের উৎস:** বাংলাদেশ ব্যাংকের নিজস্ব উৎস।

৮. **পুনঃ অর্থায়ন সুবিধার মেয়াদ:** ৩-১০ বছর (সর্বোচ্চ ০৬ মাস গ্রেস পিরিয়ডসহ)।

৯. **ঋণের ধরণ:** স্থানীয় মুদ্রায় মেয়াদি ঋণ/বিনিয়োগ (Term Loan) অথবা মেয়াদী ও চলতি মুলধন (Working Capital) ঋণ/বিনিয়োগের সমন্বয়।

১০. **সুদ/মুনাফার হার:**

১০.১. বাংলাদেশ ব্যাংক কর্তৃক PFI হতে আদায়যোগ্য সুদ/মুনাফার হার হবে ১%; এবং

১০.২. PFI কর্তৃক গ্রাহক হতে আদায়যোগ্য সুদ/মুনাফার হার হবে সর্বোচ্চ ৪%।

১১. **সুদ/মুনাফা হিসাবায়ন ও ঋণ/বিনিয়োগ-মূলধন (Debt-Equity) অনুপাত:**

১১.১. সুদ/মুনাফা হিসাবায়ন: এই স্কিমের আওতায় পুনঃ অর্থায়ন সুবিধার বিপরীতে সুদ/মুনাফা ও মূলধন আদায়ে Fixed Principal Method অনুসরণ করা হবে। একইভাবে, অংশগ্রহণকারী আর্থিক প্রতিষ্ঠান কর্তৃক গ্রাহকের নিকট হতে ঋণ/বিনিয়োগ আদায়ের ক্ষেত্রেও Fixed Principal Method অনুসরণ করতে হবে;

১১.২. ঋণ/বিনিয়োগ-মূলধন অনুপাত: এ তহবিলের আওতায় পুনঃ অর্থায়নের নিমিত্ত আবেদনের পূর্বে গ্রাহকের equity contribution-এর বিষয়টি নিশ্চিত করতে হবে। এক্ষেত্রে সকল PFI তাদের ঋণ/বিনিয়োগ (credit/investment policy) নীতিমালার আলোকে PFI-গ্রাহক সম্পর্কের ভিত্তিতে ঋণ/বিনিয়োগ-মূলধন অনুপাত নির্ধারণ করবে। এক্ষেত্রে, ঋণ/বিনিয়োগ-মূলধন অনুপাত ন্যূনতম ৮০:২০ হতে হবে। তবে কোনো একক ঋণগ্রহীতা এ তহবিলের আওতায় ৫০ (পঞ্চাশ) কোটি টাকার অধিক ঋণ সুবিধা প্রাপ্য হবে না।

১২. **গ্রাহক পর্যায়ে পুনঃ অর্থায়ন সুবিধা প্রাপ্তির যোগ্যতা:**

১২.১. এ তহবিলের আওতায় তথ্য ও যোগাযোগ প্রযুক্তি খাত সংশ্লিষ্ট পণ্য/সেবা ও প্রযুক্তির উদ্ভাবন, উৎপাদন, উন্নয়ন, সংযোজন ও প্রক্রিয়াকরণ এবং আধুনিকায়নের লক্ষ্যে PFI হতে স্থানীয় মুদ্রায় গৃহীত মেয়াদি ঋণ/বিনিয়োগ (Term loan/Investment) অথবা মেয়াদী ও চলতি মুলধন (Working Capital) ঋণ/বিনিয়োগের বিপরীতে পুনঃ অর্থায়ন সুবিধা প্রদান করা হবে। মেয়াদী ও চলতি মুলধন (Working Capital) ঋণ/বিনিয়োগের সমন্বিত পুনঃ অর্থায়ন সুবিধার ক্ষেত্রে চলতি মুলধন (Working Capital) ঋণ/বিনিয়োগের সর্বোচ্চ ৪০% পর্যন্ত বিবেচনাযোগ্য হবে। ICT সম্পর্কিত পণ্য/সেবা ও প্রযুক্তির পরামর্শক খরচ বাবদ কোনরূপ ব্যয় আলোচ্য পুনঃ অর্থায়ন সুবিধার আওতাভুক্ত হবে না;

১২.২. পুনঃ অর্থায়নের সর্বোচ্চ সীমা PFI কর্তৃক বিতরণকৃত ঋণ/বিনিয়োগের সমপরিমাণ অথবা সংশ্লিষ্ট প্রযুক্তি/প্রকল্প/উদ্যোগ/কার্যক্রম-এর আর্থিক সক্ষমতা, উৎপাদন ক্ষমতা ও প্রকৃত ব্যয় ইত্যাদির আলোকে বাংলাদেশ ব্যাংক কর্তৃক নির্ধারিত হবে, তবে তা কোনোভাবেই ৫০ (পঞ্চাশ) কোটি টাকার অধিক হবে না;

১২.৩. খেলাপি গ্রাহকের অনুকূলে প্রদত্ত ঋণ/বিনিয়োগের বিপরীতে পুনঃ অর্থায়ন সুবিধার আবেদন বিবেচ্য হবে না। PFI কর্তৃক পুনঃ অর্থায়ন সুবিধার আবেদন করার পূর্বে সংশ্লিষ্ট গ্রাহক ও তাঁর স্বার্থ সংশ্লিষ্ট প্রতিষ্ঠাসমূহের হালনাগাদ সিআইবি রিপোর্ট সংগ্রহ করত ঋণগ্রহীতা ঋণ খেলাপি নয় মর্মে নিশ্চিত করতে হবে;

১২.৪. PFI কর্তৃক যৌক্তিক কারণে ঋণ/বিনিয়োগ অধিগ্রহণের বিপরীতে পুনঃ অর্থায়ন সুবিধার আবেদন করতে পারবে, তবে সংশ্লিষ্ট ঋণ/বিনিয়োগ ইতঃপূর্বে শ্রেণীকৃত হলে অথবা তদ্‌পরবর্তীতে পুনঃতফসিল, পুনর্গঠন অথবা অবলোপনকৃত হলে তা পুনঃ অর্থায়নের জন্য বিবেচিত হবে না; এবং

১২.৫. PFI-এর অর্থায়নে প্রযুক্তি/প্রকল্প/উদ্যোগ/কার্যক্রম যৌক্তিক কারণে চালুকরণের বিলম্বের ক্ষেত্রে সংশ্লিষ্ট প্রযুক্তি/প্রকল্প/উদ্যোগ/কার্যক্রম চালু হওয়ার অনধিক ০৬ (ছয়) মাসের মধ্যে PFI কর্তৃক তাদের অর্থায়নের বিপরীতে পুনঃ অর্থায়ন সুবিধা প্রাপ্তির আবেদন করতে পারবে।

**১৩. PFI পর্যায়ে পুনঃ অর্থায়ন সুবিধা প্রাপ্তির যোগ্যতা:**

১৩.১. রাষ্ট্র মালিকানাধীন সকল ব্যাংক ও ফাইন্যান্স কোম্পানি আলোচ্য পুনঃ অর্থায়ন সুবিধার আওতায় ঋণ প্রদান করতে পারবে;

১৩.২. বেসরকারি এবং বিদেশি ব্যাংক ও ফাইন্যান্স কোম্পানিসমূহকে নিম্নোক্ত শর্তাদি পরিপালন করতে হবে:

(ক) শ্রেণীকৃত ঋণ/বিনিয়োগের (Classified Loan/Investment) হার ১০% এর অধিক হবে না; তবে গ্রাহকের আর্থিক সক্ষমতা, ব্যবসায়িক দক্ষতা ও ঝুঁকি মূল্যায়ন ইত্যাদির আলোকে কেইস টু কেইস ভিত্তিতে সর্বোচ্চ ১৫% পর্যন্ত বাংলাদেশ ব্যাংক কর্তৃক বিবেচনা করা হতে পারে;

(খ) বাংলাদেশ ব্যাংক কর্তৃক নির্ধারিত হারে মূলধন পর্যাপ্ততা (Capital Adequecy), সংস্থান সংরক্ষণ (Provision Maintenance), নগদ সংরক্ষণ হার (CRR) এবং বিধিবদ্ধ তরল সম্পদ সংরক্ষণ হার (SLR) সংরক্ষণ করতে হবে;

১৩.৩. একক গ্রাহক/গ্রুপ এবং বৃহদাংক ঋণ/বিনিয়োগ সীমা বিষয়ে ব্যাংক-কোম্পানি (সংশোধন) আইন ২০২৩ এবং ফাইন্যান্স কোম্পানি আইন, ২০২৩-এ বর্ণিত নির্দেশনাসহ সময়ে সময়ে জারিকৃত বাংলাদেশ ব্যাংকের এতদ্‌বিষয়ক সকল সার্কুলার/সার্কুলার লেটারের নির্দেশনা অনুসরণ করতে হবে; এবং

১৩.৪. বাংলাদেশ ব্যাংক কর্তৃক সময়ে সময়ে জারিকৃত ঋণ বিতরণ এবং ঝুঁকি ব্যবস্থাপনা সংক্রান্ত সকল নীতিমালা পরিপালন নিশ্চিত করতে হবে।

১৪. **শিডিউল অব চার্জেস:** ঋণ/বিনিয়োগের শিডিউল অব চার্জেস (অনুচ্ছেদ ১০-এ বর্ণিত সুদ/মুনাফার হার ব্যতীত) নির্ধারণের ক্ষেত্রে বাংলাদেশ ব্যাংকের Banking Regulation and Policy Department এবং Finance Company Regulation and and Policy Department কর্তৃক সময়ে সময়ে জারিকৃত নির্দেশনা পরিপালিত হবে। পুনঃঅর্থায়নের ক্ষেত্রে কোনো ধরণের hidden expenses অথবা অন্য কোনো ধরনের পরোক্ষ চার্জ/ফি/কমিশন আরোপ করা যাবে না। তবে, প্রযোজ্য ক্ষেত্রে সরকার কর্তৃক আরোপিত/ধার্যকৃত যেকোনো ধরনের কর/শুল্ক যথাসময়ে আদায়যোগ্য হবে।

**১৫. পুনঃ অর্থায়নের আবেদন প্রক্রিয়া:**

১৫.১. PFI কর্তৃক ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা অথবা তাঁর মনোনীত কর্মকর্তার স্বাক্ষরিত আবেদনপত্র এবং ১৮ নং অনুচ্ছেদে উল্লিখিত সংশ্লিষ্ট দলিলাদি সহকারে পরিচালক, সাসটেইনেবল ফাইন্যান্স ডিপার্টমেন্ট, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা বরাবর/e-Refinance Software-এ দাখিল করতে হবে;

১৫.২. পুনঃ অর্থায়ন সুবিধার আওতায় PFI কর্তৃক মঞ্জুরীকৃত ঋণ বিতরণের পরবর্তী ৯০ (নব্বই) দিনের মধ্যে বাংলাদেশ ব্যাংক বরাবর আবেদন করতে হবে; এবং

১৫.৩. এ তহবিলের আওতায় PFI কর্তৃক বিতরণকৃত ঋণ/বিনিয়োগের সমপরিমাণ অথবা সরকারের সংশ্লিষ্ট মন্ত্রণালয়/অধিদপ্তর/পরিদপ্তর/প্রতিষ্ঠান কর্তৃক নিবন্ধিত/অনুমোদিত তথ্য ও যোগাযোগ প্রযুক্তি খাতের পরামর্শক প্রতিষ্ঠান কর্তৃক প্রাক্কলিত মূল্য/প্রকল্প খরচের সমপরিমাণ পুনঃ অর্থায়ন সুবিধা হিসেবে বিবেচ্য হবে। তবে, পুনঃ অর্থায়ন সুবিধা অনুমোদনের পূর্বে সংশ্লিষ্ট প্রযুক্তি/প্রকল্প/উদ্যোগ/কার্যক্রম সাসটেইনেবল ফাইন্যান্স ডিপার্টমেন্ট কর্তৃক প্রাক-পরিদর্শন করা হবে। এক্ষেত্রে, পরিদর্শন প্রতিবেদন, দাখিলকৃত আবেদন এবং তৎসংশ্লিষ্ট দলিলাদি পর্যালোচনা সাপেক্ষে পুনঃ অর্থায়ন সুবিধার সীমা নির্ধারণ করা হবে।

**১৬. পুনঃ অর্থায়ন আদায় প্রক্রিয়া:**

১৬.১. PFI কর্তৃক গৃহীত পুনঃ অর্থায়ন সুবিধা ত্রৈমাসিক কিস্তিতে নির্দিষ্ট পরিশোধ সূচি অনুযায়ী আদায়যোগ্য হবে। এক্ষেত্রে, PFI-এর অনুকূলে প্রদত্ত পুনঃ অর্থায়ন সুবিধার পরিশোধ সূচি বাংলাদেশ ব্যাংক কর্তৃক প্রণীত হবে এবং গ্রাহকের অনুকূলে বিতরণকৃত ঋণ/বিনিয়োগ-এর পরিশোধ সূচি PFI কর্তৃক প্রণয়নপূর্বক বাংলাদেশ ব্যাংকে দাখিল করতে হবে;

১৬.২. পরিশোধ সূচি অনুযায়ী নির্ধারিত তারিখে পরিশোধযোগ্য কিস্তি বাংলাদেশ ব্যাংকে রক্ষিত সংশ্লিষ্ট PFI-এর চলতি হিসাব বিকলনপূর্বক আদায় করা হবে। PFI কর্তৃক নির্ধারিত তারিখে চলতি হিসাবে পর্যাপ্ত তহবিল/স্থিতি সংরক্ষণ করতে হবে। এক্ষেত্রে, তহবিল/স্থিতির অপর্যাপ্ততার কারণে যথাসময়ে কিস্তি আদায় সম্ভবপর না হলে বাংলাদেশ ব্যাংক কর্তৃক পরবর্তীতে আদায়যোগ্য কিস্তির উপর অতিরিক্ত দন্ডসুদ (ব্যাংক হারে) আরোপপূর্বক সংশ্লিষ্ট কিস্তি আদায় করা হবে;

১৬.৩. আলোচ্য পুনঃ অর্থায়ন সুবিধা নির্ধারিত সময়ের পূর্বে সমন্বয়যোগ্য। এক্ষেত্রে, গ্রাহক কর্তৃক সংশ্লিষ্ট ঋণ/বিনিয়োগ সম্পূর্ণরূপে সমন্বয় হওয়া সাপেক্ষে PFI সমূহ এতৎসংক্রান্ত যাবতীয় তথ্য/বিবরণীসহ পুনঃ অর্থায়নকৃত সমুদয় অর্থ এককালীন পরিশোধ করত তা বাংলাদেশ ব্যাংক-কে অবহিত করবে। মেয়াদপূর্তির পূর্বে সংশ্লিষ্ট ঋণ/বিনিয়োগ সমন্বয়ের জন্য PFI কর্তৃক গ্রাহক পর্যায়ে কোন প্রকার চার্জ/ফি/কমিশন আদায় করা যাবে না; এবং

১৬.৪. গ্রাহক পর্যায়ে বিতরণকৃত ঋণ/বিনিয়োগ আদায়ের সকল দায়-দায়িত্ব PFI-এর উপর ন্যস্ত থাকবে। এক্ষেত্রে গ্রাহক পর্যায়ে ঋণ/বিনিয়োগ আদায়ের সাথে বাংলাদেশ ব্যাংক হতে গৃহীত পুনঃ অর্থায়নের দায় পরিশোধকে কোনোভাবেই সম্পর্কিত করা যাবে না।

**১৭. রিপোর্টিং ও মনিটরিং:**

১৭.১. অংশগ্রহণকারী ব্যাংক ও ফাইন্যান্স কোম্পানিসমূহ ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী অথবা তাঁর মনোনীত কর্মকর্তার স্বাক্ষরে ত্রৈমাসিক ভিত্তিতে ঋণ/বিনিয়োগ বিতরণ ও আদায় সংক্রান্ত হালনাগাদ বিবরণী নির্ধারিত ছক মোতাবেক (Annex-A) সংশ্লিষ্ট ত্রৈমাসিক অন্তে পরবর্তী ১৫ (পনেরো) দিনের মধ্যে (মার্চ, জুন, সেপ্টেম্বর এবং ডিসেম্বর ভিত্তিক বিবরণী যথাক্রমে এপ্রিল, জুলাই, অক্টোবর এবং জানুয়ারি মাসের ১৫ তারিখের পূর্বে) পরিচালক, সাসটেইনেবল ফাইন্যান্স ডিপার্টমেন্ট, বাংলাদেশ ব্যাংক বরাবর দাখিল করতে হবে। যে-সকল PFI পুনঃ অর্থায়ন সুবিধা গ্রহণ করেনি তারা শূণ্য বিবরণী দাখিল করবে;

১৭.২. PFI কর্তৃক বিতরণকৃত ঋণ/বিনিয়োগের যথাযথ সদ্ব্যবহার নিশ্চিত করতে হবে। তহবিলের সদ্ব্যবহার নিশ্চিতকল্পে পুনঃ অর্থায়ন সুবিধা মঞ্জুরীর পর প্রয়োজনের নিরিখে বাংলাদেশ ব্যাংক কর্তৃক সংশ্লিষ্ট প্রযুক্তি/প্রকল্প/উদ্যোগ/কার্যক্রম এবং এতৎসংক্রান্ত যাবতীয় দলিলাদি সরেজমিন পরিদর্শন ও যাচাই করা হবে;

১৭.৩. পরিদর্শনকালে অথবা পরবর্তীতে যে কোনো সময় বিতরণকৃত ঋণ/বিনিয়োগের সদ্ব্যবহার হয়নি মর্মে উদঘাটিত হলে অথবা এ তহবিলের আওতায় সুবিধাপ্রাপ্ত গ্রাহক পরবর্তীতে বিরূপমানে শ্রেণীকৃত হলে অথবা চুক্তিপত্রের যে-কোনো শর্তের ব্যত্যয় ঘটালে বাংলাদেশ ব্যাংক কর্তৃক পুনঃ অর্থায়ন সুবিধা বাতিলপূর্বক ধার্যকৃত সুদ/মুনাফাসহ পুনঃ অর্থায়নকৃত সমুদয় অর্থ এবং দন্ডসুদ (ব্যাংক হারে) সংশ্লিষ্ট PFI-এর চলতি হিসাব হতে এককালীন কর্তন করা হবে। এতদ্ব্যতীত, বাংলাদেশ ব্যাংক অর্ডার ১৯৭২, ব্যাংক-কোম্পানি (সংশোধন) আইন ২০২৩, এবং ফাইন্যান্স কোম্পানি আইন, ২০২৩ অনুযায়ী স্ব স্ব ক্ষেত্রে প্রযোজ্য শাস্তিমূলক ব্যবস্থা গৃহীত হবে।

**১৮. দালিলিক চেকলিস্ট:**

১৮.১. অংশগ্রহণকারী ব্যাংক ও ফাইন্যান্স কোম্পানি কর্তৃক পুনঃ অর্থায়ন সুবিধার জন্য আবেদনকালে বাংলাদেশ ব্যাংক বরাবর নিম্নোক্ত দলিলাদি দাখিল করতে হবে:

ক) পুনঃ অর্থায়ন সুবিধার আওতায় ঋণ/বিনিয়োগ গ্রহণের নিমিত্ত গ্রাহকের আবেদন পত্র;

খ) ঋণ/বিনিয়োগ বিতরণ সংক্রান্ত মঞ্জুরীপত্র;

গ) গ্রাহকের হালনাগাদ সিআইবি রিপোর্ট;

ঘ) মেয়াদি ঋণ/বিনিয়োগের চুক্তি এবং পরিশোধ সূচি;

ঙ) বিতরণকৃত ঋণ/বিনিয়োগ হিসাবের হালনাগাদ বিবরণী;

চ) সংশ্লিষ্ট ব্যয় সংক্রান্ত বিবরণী ও অন্যান্য দলিলাদি;

ছ) গ্রাহক ও সংশ্লিষ্ট প্রকল্পের প্রোফাইল;

জ) সরকারের সংশ্লিষ্ট মন্ত্রণালয়/অধিদপ্তর/প্রতিষ্ঠান কর্তৃক নিবন্ধিত/অনুমোদিত বিশেষজ্ঞ প্রতিষ্ঠান অথবা বাংলাদেশের স্বীকৃত বিশ্ববিদ্যালয়ের তথ্য ও যোগাযোগ প্রযুক্তি খাত সংশ্লিষ্ট বিশেষজ্ঞ কর্তৃক প্রযুক্তি/প্রকল্প/উদ্যোগ/কার্যক্রম-এর প্রাক্কলিত মূল্যায়ন/প্রকল্প খরচসহ টেকনিক্যাল রিপোর্ট; এবং

১৮.২. পুনঃ অর্থায়ন সুবিধা প্রাপ্তির লক্ষ্যে PFI কর্তৃক Demand Promissory Note, Letter of Continuity, Letter of Debit Authority সহ অন্যান্য প্রয়োজনীয় চার্জ ডকুমেন্টস দাখিল করতে হবে।

**১৯. অন্যান্য শর্তাবলী:** ঋণ/বিনিয়োগ গ্রহীতা নির্বাচন, ঋণ/বিনিয়োগ সুবিধা মঞ্জুরি, প্রয়োজনীয় জামানত গ্রহণ, ঋণ/বিনিয়োগ সংশ্লিষ্ট দলিলাদি সম্পাদন, ঋণ/বিনিয়োগ-মূলধন অনুপাত, ঋণ/বিনিয়োগের সদ্ব্যবহার ও বিতরণ পরবর্তী তদারকির বিষয়ে ব্যাংক ও ফাইন্যান্স কোম্পানিসমূহ তাদের নিজস্ব ঝুঁকি ব্যবস্থাপনা নীতিমালার পাশাপাশি এ সংক্রান্ত বাংলাদেশ ব্যাংকের নির্দেশনাসহ বিদ্যমান অন্যান্য আইন-কানুন ও বিধি-বিধান অনুসরণ করবে।

**২০.** ইসলামি শরিয়াহ্ ভিত্তিক ব্যাংক ও ফাইন্যান্স কোম্পানিসমূহ উপর্যুক্ত শর্তাদির ব্যত্যয় না করে নিজস্ব অনুমোদিত শরিয়াহ্ নীতিমালার আলোকে এ তহবিলের আওতায় বিনিয়োগ কার্যক্রম পরিচালনা করতে পারবে।

**২১.** পুনঃ অর্থায়ন তহবিলের শর্তাদির বিষয়ে যে-কোনো ধরণের সংযোজন, বিয়োজন অথবা পরিমার্জনের অধিকার সাসটেইনেবল ফাইন্যান্স ডিপার্টমেন্ট, বাংলাদেশ ব্যাংক সংরক্ষণ করে।

**২২.** ব্যাংক-কোম্পানি (সংশোধন) আইন ২০২৩-এর ৪৫ ধারা এবং ফাইন্যান্স কোম্পানি আইন, ২০২৩-এর ৪১ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ সার্কুলার জারি করা হলো যা অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,

সংযুক্তি: বর্ণনামতে

(চৌধুরী লিয়াকত আলী)
পরিচালক (এসএফডি)
ফোন: ৯৫৩০৩২০
E-mail: chowdhury.ali@bb.org.bd

**Annex-A**

## Quarterly Report on Loan/Investment Disbursed under 'Refinance Scheme for the Development of ICT Sector'

| SL. No. | Name of the Borrowers | Date of Disbursement | Tenor of the Loan/Inv. | Approval of Refinance from BB | | Overdue Installment | | Recovery During the Quarter | Cumulative Recovery (As on …) | Outstanding Amount (As on…) | Classification Status |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | Date | Amount | Number | Amount | | | | |
| 1 | | | | | | | | | | | |
| 2 | | | | | | | | | | | |
| 3 | | | | | | | | | | | |
| 4 | | | | | | | | | | | |
| 5 | | | | | | | | | | | |